

## কাউনিয়ায় ১৭ মাদ্রাসায় শহীদ মিনার নেই

### ■ কাউনিয়া (রংপুর) সংবাদদাতা

প্রায় ৪ যুগ পার হলেও প্রতিষ্ঠান প্রধান ও পরিচালনাকারী পর্বদের উদাসিনতার কারণে স্বাধীনতার ৪৪ বছরেও কাউনিয়া উপজেলার ১৭টি মাদ্রাসায় শহীদ মিনার নির্মাণ করা হয়নি। মাদ্রাসাগুলোতে শহীদ মিনার নির্মাণের কোনো উদ্যোগও নেয়নি। একই অবস্থা কয়েকটি মাধ্যমিক বিদ্যালয়, কলেজ ও সরকারি প্রাথমিক বিদ্যালয়ের। এ ব্যাপারে কর্তৃপক্ষ কোনো প্রকারের প্রতিক্রিয়া ব্যক্ত করছে না। উপজেলা শিক্ষা অফিস সূত্রে জানা গেছে, কাউনিয়া উপজেলায় মোট ১৭টি মাদ্রাসা রয়েছে। এসব মাদ্রাসায় এবতেদায়ী, দাখিল, আলিম, ফাজিল পর্যন্ত পাঠদান করা হয়। কিন্তু এসব মাদ্রাসার একটিতেও শহীদ মিনার নেই। সরেজমিনে উপজেলার কয়েকটি মাদ্রাসায় গিয়ে শিক্ষার্থীদের জাতীয় দিবসগুলো কী জানতে চাইলে তারা কোনো মানসম্মত উত্তর দিতে পারেনি। সামনে রাস্তার ধারে শহীদদের স্মরণে

একটি সুন্দর শহীদ মিনার স্থাপন করা হয়েছে কিন্তু মিনারের পার্শ্বে হাটের সকল ময়লা-আবর্জনা ফেলে তা ভাগাড়ে পরিণত করেছে। যাদের রক্তের বিনিময়ে আমরা মায়ের ভাষা ও স্বাধীনতা পেয়েছি সেই সকল শহীদদের স্মৃতি স্তম্ভকে এভাবে অবমাননা করা হলেও তা উর্ধ্বতন কর্তৃপক্ষের নজরে আসছে না।

বীর মুক্তিযোদ্ধা ইউসুব আলী জানান, শহীদ দিবস ও স্বাধীনতা দিবস আসলেই কেবল মুক্তিযোদ্ধা ও শহীদ মিনারের কদর বাড়ে। অন্য সময়গুলোতে প্রায় সকল শহীদ মিনার অরক্ষিত ও অবমাননাকর অবস্থায় পড়ে থাকে। একজন শিক্ষক মন্তব্য করে বলেন, মুক্তিযোদ্ধার স্বপক্ষের শক্তির সরকার বর্তমানে থাকতেই শহীদ মিনারের এ অবস্থা না থাকলে কি হতে পারে তা ভাবাই যায় না। এলাকাবাসী শহীদ মিনারটি সংস্কার ও ভাগাড়মুক্ত করার দাবি জানিয়েছেন।